ত্রৈমাসিক

# পূবালী বার্তা

- পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা । জুলাই ২০২২ ঃ সংখ্যা ২২

পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

ঐতিহ্যের পথ বেয়ে অর্থনৈতিক অগ্রগতি




## পূবালী ব্যাংক লিমিটেডের ৩৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেডের ৩৯তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে হাইব্রিড পদ্ধতিতে (শারীরিক উপস্থিতি ও ভার্চুয়াল প্লাটফর্মে) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মনজুরুর রহমান ।

৩৯তম বার্ষিক সাধারণ সভায় পূবালী ব্যাংক লিমিটেড এর সম্মানিত শেয়ার হোল্ডারদের মতামতের ভিত্তিতে ৩১ ডিসেম্বর ২০২১ সালের জন্য ১২.৫০% ক্যাশ ডিভিডেন্ড প্রদানের সিদ্ধান্ত অনুমোদিত হয়।

সভায় পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ- মনির উদ্দিন আহমদ, হাবিবুর রহমান, আহমদ শফি চৌধুরী, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, রুমানা শরীফ, এম. কবিরুজ্জামান ইয়াকুব এফসিএমএ (ইউকে) সিজিএমএ, মুসা আহমেদ, আজিজুর রহমান, মোঃ আবদুর রাজ্জাক মন্ডল, রানা লায়লা হাফিজ, মোস্তফা আহমদ, স্বতন্ত্র পরিচালক ড. শাহ্‌দীন মালিক ও মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী উপস্থিত ছিলেন।

বিপুল সংখ্যক শেয়ার হোল্ডারবৃন্দ বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করে ব্যাংকের সার্বিক বিষয়ে আলোচনায় অংশ নেন। শেয়ার হোল্ডারবৃন্দ ব্যাংকের সার্বিক কার্যক্রম ও সুষ্ঠু ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করার পাশাপাশি ব্যাংকের উত্তরোত্তর উন্নতির জন্য দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। সবশেষে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




## Oracle এর সাথে ব্যাংকিং অবকাঠামো এবং ভবিষ্যত ব্যাংকিং প্রযুক্তির দীর্ঘমেয়াদী অংশীদারিত্ব উদযাপন

পূবালী ব্যাংক লিমিটেড এর দীর্ঘদিনের প্রযুক্তি সহযোগী Oracle এর সাথে ব্যাংকিং অবকাঠামো এবং ভবিষ্যত ব্যাংকিং প্রযুক্তির দীর্ঘমেয়াদী অংশীদারিত্ব উদযাপন করেছে। এ উপলক্ষে সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে Celebrating Partnership for Core Banking Infrastructure অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, বাংলাদেশে পূবালী ব্যাংক লিমিটেড-ই প্রথম ব্যাংক, যারা নিজস্ব জনবল ব্যবহার করে Realtime Online Banking Software প্রস্তুত করেছে এবং এই সফটওয়্যার ব্যবহার করে ব্যাংকের সকল শাখা ও উপশাখা অনলাইন সেবা প্রদান করছে। পূবালী ব্যাংক লিঃ এই পথচলায় ২০০৮ সাল থেকে প্রযুক্তি সহযোগী Oracle এর বিভিন্ন পণ্য ও সলিউশন ব্যবহার করে আসছে।

পূবালী ব্যাংক লিঃ পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান, পরিচালকবৃন্দ- মনির উদ্দিন আহমদ, হাবিবুর রহমান, রুমানা শরীফ, এম. কবিরুজ্জামান ইয়াকুব এফসিএমএ (ইউকে), সিজিএমএ, আজিজুর রহমান, রানা লায়লা হাফিজ, ব্যবস্থাপনা

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*




## মনজুরুর রহমান পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান পুনঃনির্বাচিত

বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক জনাব মনজুরুর রহমান পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে পুনঃনির্বাচিত হয়েছেন। সম্প্রতি পরিচালনা পর্ষদের ১৩৩৮তম সভায় তাঁকে সর্বসম্মতিক্রমে চেয়ারম্যান পদে পুনঃনির্বাচিত করা হয়।

ব্যাংকিং, ইন্স্যুরেন্স ও চা উৎপাদন ব্যবসায় সুদীর্ঘ ৫৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন জনাব মনজুরুর রহমান রেমা টি কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান। তিনি লাফার্জ হোলসিম বাংলাদেশ লিমিটেডের স্বতন্ত্র পরিচালক ছিলেন। জনাব রহমান বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ এর নির্বাহী কমিটির একজন নির্বাচিত সদস্য ছিলেন।

জনাব রহমান কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী অর্জন করেন। তিনি কুমিল্লার চিওড়া গ্রামের কাজী বাড়ীর সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম খান বাহাদুর মুখলেসুর রহমান ১৯১৬ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক ডিগ্রী অর্জন করেন এবং একজন সফল টি প্ল্যান্টার ছিলেন।





## বন্যাদুর্গতদের সহায়তায় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে পূবালী ব্যাংক লিমিটেডের ১০ (দশ) কোটি টাকা অনুদান

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পূবালী ব্যাংক লিমিটেড দেশের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তায় মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে ১০ (দশ) কোটি টাকার অনুদান প্রদান করেছে। গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউসের হাতে অনুদানের চেক তুলে দেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান। এসময় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করে না, সমাজের প্রতি দায়বদ্ধতাও রয়েছে। এই দায়বদ্ধতা থেকেই প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে বন্যাদুর্গতদের জন্য ১০ (দশ) কোটি টাকার অনুদান প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেড অতীতেও দেশের যে কোন জাতীয় দুর্যোগ মোকাবেলায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করে এসেছে।

## ঢাকার সাত মসজিদ রোড শাখা নতুন ঠিকানায় স্থানান্তরিত হয়ে "ধানমন্ডি শাখা" নামে ব্যাংকিং কার্যক্রম শুরু




অধিকতর উন্নত ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেডের ঢাকার সাত মসজিদ রোড শাখা সম্প্রতি নতুন ঠিকানায় স্থানান্তরিত হয়ে ধানমন্ডি শাখা নামে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্থানান্তরিত শাখাটির শুভ দ্বারোদঘাটন করেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বতন্ত্র পরিচালক ড. শাহ্‌দীন মালিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী। ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী এবং ঢাকা উত্তর অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক এ এস সিরাজুল হক চৌধুরী এসময় উপস্থিত ছিলেন । প্রধান অতিথির বক্তব্যে ব্যাংকের চেয়ারম্যান মনজুরুর রহমান বলেন, পূবালী ব্যাংক লিমিটেড অতি দ্রুত সময়ে সর্বোত্তম এবং আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য সম্মানিত গ্রাহকদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। এরই ধারাবাহিকতায় এবং গ্রাহকদের চাহিদা পূরণে পূবালী ব্যাংক তার ধানমন্ডি শাখাটি নতুন ভবনে স্থানান্তর করেছে। তিনি আশা প্রকাশ করেন, এই শাখার মাধ্যমে পূবালী ব্যাংক আধুনিক তথ্য প্রযুক্তির সমন্বয়ে উন্নততর গ্রাহক সেবা প্রদান করে যাবে। সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী বলেন,

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*




## পূবালী ব্যাংক লিমিটেড রেমিট্যান্স সংগ্রহে বিশেষ অবদানের জন্য 'রেমিট্যান্স অ্যাওয়ার্ড' পেল

রেমিট্যান্স সংগ্রহে বিশেষ অবদানের জন্য পূবালী ব্যাংক লিমিটেডকে 'টপ টেন রেমিট্যান্স অ্যাওয়ার্ড ২০২২' প্রদান করেছে সেন্টার ফর নন রেসিডেন্ট বাংলাদেশি (এনআরবি)। রাজধানীর একটি হোটেলে সেন্টার ফর এনআরবি কর্তৃক আয়োজিত "ব্রান্ডিং বাংলাদেশ" শীর্ষক অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন এমপি'র নিকট থেকে পদক গ্রহণ করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমান, পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম, সেনাপ্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এনডিইউ, পিএসসি, পিএইচডি এবং লন্ডন ক্রয়ডনের মেয়র শেরোয়ান চৌধুরী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সেন্টার ফর এনআরবি'র চেয়ারপারসন এমএস সেকিল চৌধুরী।



## আইসিএমএবি বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড পেল পূবালী ব্যাংক

দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এর বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড-২০২০ পেল পূবালী ব্যাংক লিমিটেড। সম্প্রতি রাজধানীর একটি হোটেলে পূবালী ব্যাংক কে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি এমপি পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলীর নিকট অ্যাওয়ার্ড প্রদান করেন। এসময় পূবালী ব্যাংক লিঃ এর মহাব্যবস্থাপক ও সিএফও মোহাম্মদ লিটন মিয়া এফসিএ উপস্থিত ছিলেন।

পুরস্কার প্রদান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম,

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*

## পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এর দুইটি ডিজিটাল বুথ উদ্বোধন




সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের দোরগোড়ায় আধুনিক ও ডিজিটাল লেনদেন সেবা প্রদানের জন্য পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এর রাজধানীর গুলশান সার্কেল-১ ও জনসন রোড শাখায় দুইটি ডিজিটাল বুথ উদ্বোধন হয়েছে। প্রধান অতিথি হিসেবে ডিজিটাল বুথ দুইটি উদ্বোধন করেন পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনিরউদ্দিন আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের পরিচালক ফেয়াদ রহমান এবং পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী। সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আহসান উল্যাহ।
উদ্বোধনী অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ঢাকা উত্তর অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক এ এস সিরাজুল হক চৌধুরী এবং পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের মহাব্যবস্থাপক মোঃ শাহ্ আলম উপস্থিত ছিলেন।




## দেশের শীর্ষস্থানীয় টেকসই ব্যাংকের স্বীকৃতি পেল পূবালী ব্যাংক লিমিটেড

বাংলাদেশ ব্যাংকের রেটিং অনুসারে শীর্ষ ১০(দশ) টেকসই ব্যাংকের মধ্যে স্থান পেয়েছে পূবালী ব্যাংক লিঃ। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত `Sustainability Rating Recognition Ceremony' শীর্ষক অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির পূবালী ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরীর নিকট এই স্বীকৃতির ক্রেস্ট ও সনদপত্র প্রদান করেন।
অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর একেএম সাজেদুর রহমান খান ও আবু ফারাহ মোঃ নাছের, নির্বাহী পরিচালক নুরুন নাহার, পরিচালক খোন্দকার মোরশেদ মিল্লাত, পূবালী ব্যাংক লিমিটেডের সিআরওও মহাব্যবস্থাপক নীতিশ কুমার রায় এবং জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক টেকসই অর্থায়ন, সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম (সিএসআর), সবুজ প্রকল্পে অর্থায়ন ও টেকসই কোর ব্যাংকিং সূচকের ওপর ভিত্তি করে উক্ত সাসটেইনেবল রেটিং নির্ধারণ করে।



## "Entrepreneurship Development Program" শীর্ষক মাসব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী

দেশের কর্মসংস্থান সৃষ্টি ও অন্তর্ভুক্তিমূলক জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির অংশ হিসেবে Skills for Employment Generation Program, Tranche-3 প্রকল্পের আওতায় "Entrepreneurship Development Program" শীর্ষক মাসব্যাপী একটি প্রশিক্ষণ কর্মসূচী পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে (পিবিটিআই) সম্প্রতি উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের জেনারেল ম্যানেজার ও হেড অব এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট মোঃ জাকের হোসেইন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী। সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের ডিজিএম রতন কুমার শীল।
এসময় অন্যান্যের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ডিজিএম আরিফুজ্জামান, জয়েন্ট ডিরেক্টর মোঃ জাহিদ ইকবাল, পূবালী ব্যাংক লিমিটেডের জেনারেল ম্যানেজার ও হেড অব এসএমই নরেশ চন্দ্র বসাক উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ কর্মসূচীতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত মোট ২৫ জন প্রতিশ্রুতিশীল উদ্যোক্তা অংশগ্রহণ করেন।






# আন্তর্জাতিক নারী দিবস ২০২২ পালন করেছে পূবালী ব্যাংক লিমিটেড

অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক সহ উন্নয়নের সব ক্ষেত্রে নারীর সমান অংশীদারিত্ব এবং সম-অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে সারাবিশ্বের পাশাপাশি পূবালী ব্যাংক লিমিটেড যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক নারী দিবস ২০২২ পালন করেছে। এ উপলক্ষ্যে দেশব্যাপী পূবালী ব্যাংকের সকল শাখায় কেক কেটে দিবসটি উদযাপনের মাধ্যমে নারী সহকর্মীদের সম্মান জানানো হয়। কেন্দ্রীয়ভাবে প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান পরিচালন কর্মকর্তা মোহাম্মদ আলী। ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব জাহিদ আহসান, উপব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন সহ প্রধান কার্যালয়ের সকল নির্বাহী ও বিভাগ প্রধানগণ এবং প্রধান কার্যালয়ের নারী কর্মীগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

পূবালী ব্যাংক লিমিটেডে বর্তমানে ৮০২২ জন কর্মীর মধ্যে ১৩৩৩ জন নারী কর্মরত আছেন, যা মোট কর্মীর ১৭ শতাংশ। নিজ যোগ্যতায় ব্যাংকের শীর্ষ নেতৃত্বে নির্বাহী হিসেবে ৩৬ জন নারী আছেন, তন্মধ্যে মহাব্যবস্থাপক পদে ৬ জন, বিভাগ প্রধান হিসেবে ৩ জন এবং ১ জন অঞ্চল প্রধানের দায়িত্ব পালন করছেন। শাখা ব্যবস্থাপক হিসেবে ২৯ জন নারী কর্মরত আছেন। অনুষ্ঠানে ৬ জন নারী কর্মীকে ব্যবস্থাপনা পরিচালক বিশেষ সম্মাননা জানান, যারা স্ব-চালিত বাহনে কর্মক্ষেত্রে যাতায়াত করেন। অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী, নারী দিবসে বেগম রোকেয়া, জননী সাহসিকা বেগম সুফিয়া কামাল, মাদার তেরেসাসহ সমাজ ও পরিবার উন্নয়নে অংশ নেয়া সকল নারীর প্রতি শ্রদ্ধা জানান। পৃথিবীর মহিয়সী নারীদের জীবন ও কর্ম সম্পর্কে পড়াশোনার মাধ্যমে নিজেকে উজ্জীবিত করতে এবং জীবনের উন্মেষ ঘটাতে তিনি নারী সহকর্মীদের আহ্বান জানান। পূবালী ব্যাংকের অগ্রযাত্রায় নারীদের অবদানকে সম্মানের সাথে স্মরণ করে তিনি আগামী দিনগুলোতে নারীদের অংশগ্রহণ আরো বাড়বে এবং স্ব-মহিমায় তারা উদ্ভাসিত হয়ে উঠবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী বলেন, সম-অধিকার এবং পারস্পরিক সম্মানবোধের জায়গাটি পারিবারিকভাবে একটি শিশুর বেড়ে ওঠার সময়টিতেই শিক্ষা দিতে হবে। সামাজিক বৈষম্যের দেয়াল ভাঙার জন্য নারী কর্মীদের স্বাধিকার ও অর্থনৈতিক স্বাবলম্বিতার বিষয়ে সচেতন হতে তিনি গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মানব সম্পদ বিভাগের মহাব্যবস্থাপক ইসমত আরা হক।




# পূবালী ব্যাংক লিমিটেড ও নেসকো লিমিটেড এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত

পূবালী ব্যাংক লিমিটেড এবং নর্দার্ন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিমিটেড এর মধ্যে একটি চুক্তি সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী এবং নেসকো লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ জাকিউল ইসলাম উপস্থিত ছিলেন। এসময় পূবালী ব্যাংক লিমিটেড সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ, রাজশাহীর অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রফিকুল ইসলাম, নেসকো লিমিটেডের নির্বাহী পরিচালক (ফিন্যান্স) সৈয়দ গোলাম আহাম্মদ এফসিএমএসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। এই চুক্তির অধীনে, নেসকো গ্রাহকদের পূবালী ব্যাংক লিমিটেডের যেকোনো শাখা থেকে সংগৃহীত বিদ্যুৎ বিল রিয়েল টাইমে পূবালী ব্যাংক লিমিটেড, রাজশাহী শাখা দ্বারা পরিচালিত নেসকো লিমিটেডের কেন্দ্রীয় অ্যাকাউন্টে সহজেই জমা করা যাবে।



ত্রৈমাসিক
পূবালী বার্তা

জুলাই ২০২২ ঃ সংখ্যা ২২

## `Discussion with the Feeding Branches: Challenges and Opportunities' শীর্ষক ভার্চুয়াল কনফারেন্স




পূবালী ব্যাংক লিমিটেডের ৪৯০টি শাখার প্রধান, সকল অঞ্চল প্রধান এবং প্রধান কার্যালয়ের সকল বিভাগ প্রধানসহ উর্ধ্বতন নির্বাহীবৃন্দের অংশগ্রহণে `Discussion with the Feeding Branches: Challenges and Opportunities' শীর্ষক ভার্চুয়াল কনফারেন্স সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী।

এসময় ভার্চুয়াল কনফারেন্সে সংযুক্ত থেকে বক্তব্য প্রদান করেন উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ-জাহিদ আহসান ও মোহাম্মদ ইছা। স্বাগত বক্তব্য প্রদান করেন সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ।

সভায় ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী ব্যবসায়িক অর্জনের বিশ্লেষণ করেন এবং বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি তাঁর বক্তব্যে ফিডিং শাখাগুলোকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালন করে আর্থিক লেনদেনে আরও সতর্ক থাকার পরামর্শ দেন।

## বাগেরহাটে ফকিরহাট উপশাখা উদ্বোধন



পূবালী ব্যাংক লিমিটেড ফকিরহাট উপশাখার উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রতি ফকিরহাট কলেজ রোডের মুক্তার ম্যানসনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেডের উপমহাব্যবস্থাপক ও খুলনার অঞ্চল প্রধান মোহাম্মদ আরিফুর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সহকারী মহাব্যবস্থাপক ও খুলনা শাখার ব্যবস্থাপক মোঃ সালাহ্উদ্দিন।

বাগেরহাট শাখার ব্যবস্থাপক কে. এম. রাসেল এর সভাপতিত্বে অনুষ্ঠানটিতে আরও বক্তব্য রাখেন খুলনা অঞ্চলের বিভিন্ন শাখার ব্যবস্থাপকবৃন্দ, উদ্বোধনী উপশাখার ব্যবস্থাপক মোঃ রবিউল ইসলাম এবং অন্যান্য স্থানীয় বিশিষ্ট ব্যবসায়ী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।



## মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলায় "তারাপাশা বাজার" উপশাখা উদ্বোধন

আধুনিক সকল ব্যাংকিং সুবিধা নিয়ে মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলায় পূবালী ব্যাংক লিঃ এর ৬১ তম "তারাপাশা বাজার" উপশাখা এর কার্যক্রম শুরু হয়েছে। স্থানীয় ব্যবসায়ীবৃন্দ, সাংবাদিকবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন পেশাজীবী সহ বিপুল সংখ্যক মানুষের উপস্থিতিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপশাখাটির আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেন ব্যাংকের প্রিন্সিপাল অফিস, সিলেট এর মহাব্যবস্থাপক আবু লাইছ মো. শামসুজ্জামান। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ, আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর উপমহাব্যবস্থাপক ও

এরপর পৃষ্ঠা ৬ কলাম ২



## হবিগঞ্জ এর গাজীপুর শাখার নিয়ন্ত্রণাধীন এটিএম বুথের উদ্বোধন

আধুনিক ও ডিজিটাল ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে পূবালী ব্যাংক লিঃ এর গাজীপুর শাখা, হবিগঞ্জ এর নিয়ন্ত্রণাধীন ব্যাংকের ২৯৮তম এটিএম বুথ সম্প্রতি শুভ উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস, সিলেট এর মহাব্যবস্থাপক আবু লাইছ মো. শামসুজ্জামান। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর উপমহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান মোঃ ফজলুল কবীর চৌধুরী এবং আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর সহকারী মহাব্যবস্থাপক মোহাম্মদ আবু তাহের। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন

এরপর পৃষ্ঠা ৬ কলাম ১



## "ধানমন্ডি শাখা"

............ ২য় পৃষ্ঠার পর

বাংলার ঐতিহ্যকে ধারণ করে ১৯৫৯ সাল থেকে গ্রাহকদের সর্বোত্তম ব্যাংকিং সেবা প্রদান করে চলেছে পূবালী ব্যাংক। গ্রাহক সেবা বৃদ্ধির জন্য এবং ব্যাংকের আধুনিক সেবা গ্রাহকের দোরগোড়ায় পৌঁছে দিতে পূবালী ব্যাংক লিমিটেডের ধানমন্ডি শাখা নব সাজে সজ্জিত করা হয়েছে। তিনি শাখার প্রাত্যহিক কার্যক্রমের সুষম সমন্বয়ের মাধ্যমে কাজের গতি বাড়াতে দিকনির্দেশনা প্রদান করেন এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য সকল কর্মকর্তার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে ব্যাংকের উর্দ্ধতন নির্বাহীবৃন্দ, ধানমন্ডি শাখা প্রধান, সম্মানিত গ্রাহকবৃন্দ এবং বিশিষ্ট ব্যবসায়ীগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## "Oracle এর সাথে ব্যাংকিং অবকাঠামো"

............ ১ম পৃষ্ঠার পর

পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান পরিচালন কর্মকর্তা মোহাম্মদ আলী, ওরাকলের সিনিয়র সেলস ডিরেক্টর অ্যানি টিও, কান্ট্রি ম্যানেজিং ডিরেক্টর রুবাবা দৌলা, সেলস ডিরেক্টর আরশাদ পারভেজ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। Oracle কে ব্যাংকিং প্রযুক্তির অংশীদার হিসেবে সংযুক্ত করায় অ্যানি টিও পূবালী ব্যাংক লিমিটেড কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান বলেন, পূবালী ব্যাংক লিমিটেড সম্মানিত গ্রাহকদের আরও নিরাপদ এবং দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে সর্বদা নতুন প্রযুক্তির সাথে মেলবন্ধন তৈরী করে। কোর ব্যাংকিং অবকাঠামো ও ভবিষ্যত ব্যাংকিং প্রযুক্তির উন্নয়নে নির্ভরযোগ্য কৌশলগত অংশীদার হিসেবে তিনি Oracle কে ধন্যবাদ জানান।

## "হবিগঞ্জ এর গাজীপুর"

............ ৫ম পৃষ্ঠার পর

ব্যাংকের গাজীপুর শাখার ব্যবস্থাপক ও প্রিন্সিপাল অফিসার প্রবীর রঞ্জন সাহা। এছাড়া আরও উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড, আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার জ্যোতির্ময় দাশ, ১নং গাজীপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিশিষ্ট ব্যবসায়ী মোঃ হুমায়ুন কবীর খান, বিশিষ্ট ব্যবসায়ী মোঃ শাহীন মিয়া, শেখ আব্দুল হান্নান বাচ্চু ও সিরাজুল হক সিরাজ সহ এলাকার সম্মানিত গ্রাহকগণ, ব্যবসায়ীবৃন্দ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ।

## "তারাপাশা বাজার" উপশাখা

............ ৫ম পৃষ্ঠার পর

অঞ্চল প্রধান মোঃ ফজলুল কবীর চৌধুরী এবং সহকারী মহাব্যবস্থাপক মোহাম্মদ আবু তাহের। মৌলভীবাজার আঞ্চলিক কার্যালয়ের প্রিন্সিপাল অফিসার শ্যামল বরণ দত্ত এর উপস্থাপনায় অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাংকের টেংরা বাজার শাখার ব্যবস্থাপক ও সিনিয়র অফিসার তারিকুল ইসলাম সবুজ। এছাড়া আরও উপস্থিত ছিলেন ব্যাংকের মৌলভীবাজার শাখার ব্যবস্থাপক বাবুল চন্দ্র দাশ, যোগীডহর শাখার ব্যবস্থাপক মুফচ্ছিল আলী এবং উপশাখাটির ব্যবস্থাপক ও অফিসার শিমুল দেবনাথ। কামারচাক ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান মোঃ আতাউর রহমান, তারাপাশা উচ্চ বিদ্যালয় এবং কলেজ এর অধ্যক্ষ মো: রহিম খাঁন, সহকারী শিক্ষক সৈয়দ শওকতুজ্জামান, তারাপাশা বাজার বণিক সমিতির সভাপতি শেখ বশারত আলী সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিশিষ্ট ব্যবসায়ীবৃন্দ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## "গোবিন্দশ্রী উপশাখা"

............ ৯ম পৃষ্ঠার পর

ব্যাংকের কার্যক্রমকে সাফল্যমন্ডিত করে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন। গেস্ট অব অনার এর বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী বলেন, পূবালী ব্যাংক লিমিটেড অতি দ্রুত সময়ে সর্বোত্তম এবং আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য সম্মানিত গ্রাহকদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। এরই ধারাবাহিকতায় ব্যাংকের আধুনিক সেবা পৌঁছে দিতে পূবালী ব্যাংক এর মদন উপজেলায় গোবিন্দশ্রীতে উপশাখা চালু হয়েছে। তিনি এলাকার ব্যবসায়ী ও স্থানীয় মানুষদের এই উপশাখা হতে ব্যাংকিং সুবিধা গ্রহণের জন্য আহ্বান জানান।

এসময় নেত্রকোনা জেলা পরিষদের চেয়ারম্যান, মদন পৌরসভার মেয়র, মোহনগঞ্জ পৌরসভার মেয়র, গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ব্যবসায়ীগণ এবং পূবালী ব্যাংকের উর্দ্ধতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

## "আইসিএমএবি বেস্ট কর্পোরেট অ্যাওয়াড"

............ ২য় পৃষ্ঠার পর

এফবিসিসিআই'র সাবেক সভাপতি কাজী আকরাম উদ্দিন আহমেদ এবং সাউথ এশিয়ান ফেডারেশন অব অ্যাকাউন্ট্যান্টসের (সাফা) প্রেসিডেন্ট এ কে এম দেলোয়ার হোসেন এফসিএমএ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইসিএমএবি'র প্রেসিডেন্ট আবু বকর সিদ্দিক।



## চিতলমারী উপশাখার উদ্বোধন

বাগেরহাট জেলার চিতলমারী বাজারে সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেড চিতলমারী উপশাখা উদ্বোধন হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেড খুলনার অঞ্চল প্রধান ও উপমহাব্যবস্থাপক মোহাম্মদ আরিফুর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক ও খুলনা শাখার ব্যবস্থাপক মোঃ সালাহ্উদ্দিন, সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও শেখপাড়া বাজার, খুলনা শাখার ব্যবস্থাপক মোঃ শফিকুল ইসলাম ও চিতলমারী থানার অফিসার ইন চার্জ কামরুজ্জামান।


বাগেরহাট শাখার ব্যবস্থাপক কে. এম. রাসেল এর সভাপতিত্বে অনুষ্ঠানটিতে অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন চিতলমারী উপশাখার ব্যবস্থাপক টিটুচ কুমার সাহা, বিশিষ্ট ব্যবসায়ী মোঃ হাফিজুর রহমান, শেখ নজরুল ইসলাম, কাজী মুফিদুল ইসলাম বাবুল, আনিচুর রহমান প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পূবালী ব্যাংকের প্রিন্সিপাল অফিসার শেখ আবু শামীম।




## `Macro Economic Perspective, Our Position and Strategic Action Plan' শীর্ষক ভার্চুয়াল কনফারেন্স




পূবালী ব্যাংক লিমিটেডের ৪৯০টি শাখার প্রধান, সকল অঞ্চল প্রধান এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দের অংশগ্রহণে Presentation on `Macro Economic Perspective, Our Position and Strategic Action Plan' শীর্ষক ভার্চুয়াল কনফারেন্স সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী। এসময় ভার্চুয়াল কনফারেন্সে সংযুক্ত থেকে বক্তব্য প্রদান করেন উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- জাহিদ আহসান, মোহাম্মদ ইছা ও মোহাম্মদ শাহাদাৎ হোসেন। সভায় ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী ব্যবসায়িক অর্জনের বিশ্লেষণ করেন এবং বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি তাঁর বক্তব্যে NPL কমানোর উপর জোর দেন এবং আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান।



## কিশোরগঞ্জে কালিয়াচাপড়া উপশাখার শুভ উদ্বোধন

আর্থিক অন্তর্ভূক্তিকরন কার্যক্রমের আওতায় আধুনিক ও ডিজিটাল ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয়ে সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেড ময়মনসিংহ অঞ্চলাধীন কিশোরগঞ্জ শাখার অধীনে কালিয়াচাপড়া উপশাখা শুভ উদ্বোধন করেছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান মোঃ ফয়জুল হক শরীফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ময়মনসিংহ অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ মনিরুল ইসলাম। কিশোরগঞ্জ শাখার ব্যবস্থাপক দীপক কুমার খাসনবিশ এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে কালিয়াচাপড়া উপশাখার ব্যবস্থাপক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং এলাকার ব্যবসায়ী ও গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি এলাকার ব্যবসায়ী ও স্থানীয় মানুষদের এই উপশাখা হতে ব্যাংকিং সুবিধা গ্রহণের জন্য আহ্বান জানান। পরিশেষে তিনি ব্যাংকের কার্যক্রমকে সাফল্যমন্ডিত করে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন।






## শোক বার্তা

সাম্প্রতিক সময়ে পূবালী পরিবার যাদের হারিয়েছে ........



**ফেরদৌসুর রহমান**
সিনিয়র অফিসার (ক্যাশ)
ইউনিভার্সিটি ক্যাম্পাস শাখা, ময়মনসিংহ
[মৃত্যুঃ ১০ মে ২০২২]



**মোঃ গোলাম আজম মজুমদার**
সিনিয়র অফিসার
ভিক্টোরিয়া কলেজ শাখা, কুমিল্লা
[মৃত্যুঃ ১১ মে ২০২২]



**মোঃ মনিরুল ইসলাম**
সিনিয়র আর্মড গার্ড
চকবাজার শাখা, ঢাকা
[মৃত্যুঃ ০৭ মে ২০২২]

পূবালী পরিবার মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত কামনার পাশাপাশি শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।




## মেডিকেল ভর্তি পরীক্ষায় সাফল্য



**মুবাসসেরিন জামান রিশা**

পূবালী ব্যাংক লিঃ ঢাকা দক্ষিন আঞ্চলিক কার্যালয়ের অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোঃ কামরুজ্জামান এবং শায়লা পারভীন এর কন্যা মুবাসসেরিন জামান রিশা ২০২১-২২ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় জাতীয় মেধাক্রমে উত্তীর্ণ হয়ে রাজশাহী মেডিকেল কলেজ -এ ভর্তির যোগ্যতা অর্জন করেছে। রিশা পূবালী পরিবারের সকলের নিকট দোয়াপ্রার্থী।



**সাদিয়া আক্তার**

পূবালী ব্যাংক লিঃ কুলাউড়া শাখা, মৌলভীবাজার এর মেসেঞ্জার কাম গার্ড মোঃ আসলাম মোল্লা এবং সেলিনা আক্তার এর কন্যা সাদিয়া আক্তার ২০২১-২২ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় জাতীয় মেধাক্রমে উত্তীর্ণ হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর -এ ভর্তির যোগ্যতা অর্জন করেছে। সে পূবালী পরিবারের সকলের নিকট দোয়াপ্রার্থী।

## এসএসসি ২০২১ পরীক্ষায় সাফল্য



**নুজহাত শারমিলি নোরা**
জিপিএ-৫

পিতাঃ মোঃ মনজুরুল ইসলাম মজুমদার
মহাব্যবস্থাপক
মতিঝিল কর্পোরেট শাখা, ঢাকা
মাতাঃ বেগম স্বপ্না সরমীন



**নাফিসা ইসলাম**
জিপিএ-৫

পিতাঃ মোঃ আমিনুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক
মতিঝিল কর্পোরেট শাখা, ঢাকা
মাতাঃ নিলুফার ইয়াসমিন



**রাফিয়ান রহমান**
জিপিএ-৫

মাতাঃ কামরুন নাহার
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
মতিঝিল কর্পোরেট শাখা, ঢাকা
পিতাঃ মোঃ মিজানুর রহমান



**রাইসা রাফা**
জিপিএ-৫

পিতাঃ মহিউদ্দীন আহমেদ
উপ-মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান
আঞ্চলিক কার্যালয়, বরিশাল
মাতাঃ নুশরাত জাহান হ্যাপি



**রাইসা তাবাসসুম রিসা**
জিপিএ-৫

পিতাঃ মোঃ রফিকুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান
আঞ্চলিক কার্যালয়, রাজশাহী
মাতাঃ নাহিদ বেগম



**ফাহিম ফয়সাল**
জিপিএ-৫

পিতাঃ আঃ জলিল
উপ-মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান
পরিপালন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ মোছাঃ নাজনীন সুলতানা



**মোঃ রাতুল চৌধুরী**
জিপিএ-৫

পিতাঃ মোঃ রেজাউল করিম চৌধুরী
কেয়ার টেকার
মগবাজার শাখা,ঢাকা
মাতাঃ মিসেস নাসিমা আকতার



**জাহিদ**
জিপিএ-৪.৫

পিতাঃ জাহাঙ্গীর হোসেন
কেয়ার টেকার
মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়
মাতাঃ ইয়াসমিন

## BCS পরীক্ষায় সাফল্য

### পররাষ্ট্র ক্যাডারের জন্য মনোনীত



পূবালী ব্যাংকের বৈদেশিক বাণিজ্য শাখার সহকারী মহাব্যবস্থাপক মো. রফিকুল ইসলাম এবং মোছা. দেলোয়ারা খাতুনের জ্যেষ্ঠ পুত্র এস এম রাহাতুল ইসলাম সম্প্রতি প্রকাশিত ৪০ তম বিসিএস -এ পররাষ্ট্র ক্যাডারের জন্য মনোনীত হয়েছেন। উল্লেখ্য, এস এম রাহাতুল ইসলাম মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয়ে প্রাথমিক ও মাধ্যমিক, সেন্ট জোসেফ কলেজে উচ্চ মাধ্যমিক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ও এমএসসি ডিগ্রি সম্পন্ন করেন। সে পূবালী পরিবারের সকলের নিকট দোয়াপ্রার্থী।

## মিতুল ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে যোগদান করেছে



পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের মনিটরিং বিভাগের সহকারী মহাব্যবস্থাপক শামীমা আক্তার সায়মা এবং উপ-কর কমিশনার মিশন রায়হান এর কন্যা সিদরাতুল মুনতাহা মিতুল সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক (প্রভাষক) হিসেবে যোগদান করেছে। উল্লেখ্য, সে ইতিপূর্বে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর (ইংরেজি বিভাগ) উভয় পরীক্ষায় প্রথম শ্রেনিতে প্রথম স্থান অর্জণ করে প্রেসিডেন্ট পুরস্কার পেয়েছে। মিতুল পূবালী পরিবারের সকলের নিকট দোয়াপ্রার্থী।

## যুব দাবা প্রতিযোগিতায় সাফল্য



পূবালী ব্যাংক লিঃ প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগে কর্মরত সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোঃ আমিনুল হক এবং নুসরাত জাহান এর কন্যা জোয়েনা মেহবিশ জাতীয় দাবা ফেডারেশন কর্তৃক আয়োজিত বয়স ভিত্তিক যুব দাবা প্রতিযোগিতা-২০২২ এ অনূর্ধ্ব-৮ ক্যাটাগরীতে ৩য় স্থান লাভ করেছে। তাঁর এই অর্জনে পূবালী পরিবার বিশেষভাবে গর্বিত।



## হাওড় বেষ্টিত মদন উপজেলায় পূবালী ব্যাংক লিমিটেডের গোবিন্দশ্রী উপশাখার শুভ উদ্বোধন

হাওড় বেষ্টিত ভাটি অঞ্চলের জনসাধারণের দোরগোড়ায় আধুনিক ও ডিজিটাল ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয়ে সম্প্রতি নেত্রকোনা জেলার মদন উপজেলায় পূবালী ব্যাংক লিঃ এর গোবিন্দশ্রী উপশাখা উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপশাখাটি শুভ উদ্বোধন করেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক সিনিয়র সচিব সাজ্জাদুল হাসান। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী এবং নেত্রকোনা জেলার জেলা প্রশাসক কাজি মোঃ আবদুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ময়মনসিংহ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ মনিরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর চেয়ারম্যান সাজ্জাদুল হাসান বলেন, বিশ্বায়নের এই যুগে আধুনিক প্রযুক্তির যথাযথ ব্যবহার করে উন্নততর গ্রাহক সেবা প্রদানে পূবালী ব্যাংক লিমিটেড অগ্রাধিকার দিয়ে থাকে। এরই ধারাবাহিকতায় ভাটি অঞ্চলের জনসাধারণের দোরগোড়ায় আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয়ে দেশের সর্ববৃহৎ বেসরকারি বাণিজ্যিক ব্যাংক পূবালী ব্যাংক এর গোবিন্দশ্রী উপশাখায় ব্যাংকিং কার্যক্রম শুরু হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, গোবিন্দশ্রী উপশাখা অত্র এলাকার ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে। পরিশেষে তিনি

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*



## ঢাকা ওয়াসার সর্বোচ্চ বিল সংগ্রহকারী ব্যাংক হিসেবে সম্মাননা সনদ পেল পূবালী ব্যাংক লিমিটেড

সর্বোচ্চ বিল সংগ্রহকারী ব্যাংক হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডকে ২০২০-২০২১ অর্থ-বছরের জন্য সম্মাননা সনদ প্রদান করল ঢাকা ওয়াসা। রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো: তাজুল ইসলাম এমপি'র নিকট থেকে এ সম্মাননা সনদ গ্রহণ করেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব মুহম্মদ ইব্রাহিম ও বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার তাকসিম এ খান।



## যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে পূবালী ব্যাংক লিমিটেড

৫২'র ভাষা আন্দোলনে আত্মত্যাগকারী সকল শহীদ ও ভাষা সৈনিকদের শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করে যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে পূবালী ব্যাংক লিমিটেড। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী। স্বাগত বক্তব্য রাখেন মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল। ব্যাংকের নির্বাহীবৃন্দ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ এসময় উপস্থিত ছিলেন।

ভাষা আন্দোলনে আত্মত্যাগকারী সকল শহীদ ও ভাষা সৈনিকদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী বলেন, এবছর ভাষা আন্দোলনের গৌরবময় ৭০ বছর পালিত হচ্ছে। তিনি বলেন, ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলার দামাল ছেলেরা বুকের তাজা রক্ত ঢেলে রক্ষা করেছিল মায়ের ভাষায় কথা বলার অধিকার। স্বৈরাচার আর শাসকশ্রেণির যাবতীয় অন্যায়ের বিরুদ্ধে বাঙালির প্রথম প্রতিবাদ 'বায়ান্নের একুশে ফেব্রুয়ারি' জাতির পরিচয়ের দীর্ঘ সংগ্রামের মাইলফলক এবং স্বকীয় সত্তায় ভাস্বর।



## পূবালী ব্যাংক লিমিটেড ও SSL এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত




সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেডের সাথে SSL Wireless ও SSL Commerz এর মধ্যে দু'টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি দু'টিতে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংক লিমিটেডের অল্টারনেটিভ ডেলিভারি চ্যানেল বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রবিউল আলম এবং SSL Commerz এর চিফ এক্সিকিউটিভ অফিসার চৌধুরী এএইচএম লুতফুল হুদা। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী এবং উপব্যবস্থাপনা পরিচালকদ্বয় জাহিদ আহসান ও মোহাম্মদ শাহাদাত হোসেন উপস্থিত ছিলেন।
SSL Wireless এর সাথে চুক্তির অধীনে পূবালী ব্যাংক লিমিটেডের গ্রাহকবৃন্দ অনলাইন কেনাকাটায় পূবালী ব্যাংকের মোবাইল অ্যাপস্ পাই ব্যাংকিং এর মাধ্যমে বিল পরিশোধ করতে পারবেন। অপর চুক্তির আওতায় SSL Commerz বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সের অধীনে সারা দেশে White Label Merchant Acquirer (WLAMA) ব্যবসা পরিচালনা করবে যেখানে পূবালী ব্যাংক settlement ব্যাংক হিসেবে কাজ করবে।
এসময় পূবালী ব্যাংক লিমিটেডের চিফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক জাভেদ হাসান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিচালন বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক মোঃ হেলাল উদ্দিনসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।




## উত্তরা আধুনিক মেডিকেল কলেজকে মাইক্রোবাস প্রদান

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পূবালী ব্যাংক লিমিটেড উপহারস্বরূপ উত্তরা আধুনিক মেডিকেল কলেজকে একটি মাইক্রোবাস প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী উত্তরা আধুনিক মেডিকেল কলেজের প্রিন্সিপাল অধ্যাপক ডাঃ সাব্বির আহমেদ খানের নিকট আনুষ্ঠানিকভাবে মাইক্রোবাসটি হস্তান্তর করেন। এসময় পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব জাহিদ আহসান এবং ঢাকা উত্তর অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক এ এস সিরাজুল হক চৌধুরী উপস্থিত ছিলেন।
পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী এই উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে স্বাস্থ্যসেবায় অবদান রেখে চলেছে। এরই ধারাবাহিকতায় পূবালী ব্যাংক লিমিটেড উত্তরা আধুনিক মেডিকেল কলেজকে একটি মাইক্রোবাস প্রদান করেছে। তিনি আরও বলেন, এই উপহার অনাগত দিনগুলোতে দুই প্রতিষ্ঠানের মাঝে সৌহার্দ্য-সম্প্রীতির সেতুবন্ধন ও পারস্পরিক সহযোগিতার প্রতীক হিসাবে কাজ করবে।
মাইক্রোবাস প্রদান অনুষ্ঠানে পূবালী ব্যাংকের উত্তরা মডেল টাউন শাখার ব্যবস্থাপক মনিরুল ইসলাম ও উত্তরা আধুনিক মেডিকেল কলেজের একাউন্টস্ ইন চার্জ মোঃ আব্দুস সালাম মোল্লাসহ উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



## ঢাকার কেরাণীগঞ্জে পূবালী ব্যাংক লিমিটেডের আরশিনগর উপশাখার শুভ উদ্বোধন

সম্মানিত গ্রাহকবৃন্দের দোরগোড়ায় আধুনিক ও ডিজিটাল ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয়ে ঢাকার কেরাণীগঞ্জে পূবালী ব্যাংক লিমিটেড আটিবাজার শাখার আওতাধীন আরশিনগর উপশাখা উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপশাখাটি শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা দক্ষিণ অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোঃ কামরুজ্জামান ।
প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী বলেন, পূবালী ব্যাংক লিমিটেড অতি দ্রুত সময়ে সর্বোত্তম এবং আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য সম্মানিত গ্রাহকদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। এরই ধারাবাহিকতায় ব্যাংকের আধুনিক সেবা পৌঁছে দিতে পূবালী ব্যাংক কেরাণীগঞ্জে আরশিনগর উপশাখায় ব্যাংকিং কার্যক্রম শুরু হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, আরশিনগর উপশাখা অত্র এলাকার ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে। তিনি এলাকার ব্যবসায়ী ও স্থানীয় মানুষদের এই উপশাখা হতে ব্যাংকিং সুবিধা গ্রহণের জন্য আহ্বান জানান।
এসময় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিশিষ্ট ব্যবসায়ীগণ এবং পূবালী ব্যাংকের উর্দ্ধতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।



# Pi Banking
## a mobile apps





GET IT ON Google Play
Download on the App Store



ত্রৈমাসিক
# পূবালী বার্তা

*প্রধান উপদেষ্টা*

**মোহাম্মদ আলী**
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান পরিচালন কর্মকর্তা

*এডিটোরিয়াল প্যানেল*

**মোসাম্মৎ সাহিদা বেগম**
মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান, গবেষণা ও উন্নয়ন বিভাগ

**নান্নু সিকদার**
উপ-মহাব্যবস্থাপক

**মোহাম্মদ আশরাফুল ইসলাম**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**জাকিয়া সুলতানা**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**মোঃ মাইদুল হক**
প্রিন্সিপাল অফিসার

**মোঃ শফিকুল ইসলাম**
সিনিয়র অফিসার

*গ্রাফিক্স ডিজাইন*

**মোহাম্মদ রাজীব ইসলাম**
প্রিন্সিপাল অফিসার

**সুভাশীষ কুন্ডু**
অফিসার

পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

**গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড**
২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
টেলিফোন : ৯৫১৫৭২৯, পি.এ.বি.এক্স : ২২৩৩৮১৬১৪ এক্স-৩৮১,৩৮২
আইপি ফোন : ০৯৬১২ ৮২ এক্স : ১৯৭০, ১৯৭৩, ১৯৭৪
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com